

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ১০ নভেম্বর, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : উপ নির্বাহী পরিচালক

বিষয়: : করোনাভাইরাস থেকে বাঁচতে অপরিহার্য সতর্কতা অবলম্বন প্রসঙ্গে

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ করোনা ভাইরাস আক্রান্তের দ্বিতীয় ধাপে পড়তে যাচ্ছে। গত সপ্তাহ থেকে সংক্রমণের হার বাড়ছে। এখন পর্যন্ত ভ্যাকসিন নিয়ে নানা পরীক্ষা-নিরীক্ষা চলমান থাকলেও তা কবে নাগাদ সুলভে পাওয়া যাবে সে সম্পর্কে কোন নিশ্চয়তা পাওয়া যায়নি। এমতাবস্থায় মাস্ক পরিধানসহ অন্যান্য সতর্কতা আগের মতো পালন করার কোন বিকল্প নেই। সেজন্য নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থাসমূহ মেনে চলার জন্য অনুরোধ করা হলো:

এ সংক্রান্ত নির্দেশনাসমূহ নিম্নে জানানো হলো:

১. মিটিং, ট্রেনিং, বাজার বা অন্য কোন জন সমাগমে মাস্ক পরবেন এবং ৩ ফুট দূরত্ব বজায় রাখবেন।
২. ঘর/অফিসের দরজা-জানালা খোলা রাখুন। ঘরে পর্যাপ্ত আলোবাতাস ঢুকতে দিন। এসি চালাবেন না।
৩. ট্রেনিং চলাকালীন গেস্ট রুমে অবস্থান করলে সেখানে পর্যাপ্ত আলোবাতাস প্রবেশ করতে দিন এবং সকালে ঘুম থেকে উঠে ঘরটি পরিষ্কার করুন।
৪. ট্রেনিং এ গ্রুপ ওয়ার্ক করার সময়ও দূরত্ব বজায় রাখুন এবং মাস্ক পরিধান করুন।
৫. ডায়নিং এ খাওয়ার সময়ে এক ব্যাচে দূরত্ব মানা না গেলে ২/৩ ব্যাচে খাবার গ্রহণ করুন।
৬. নিজের প্লেট/গ্লাস আলাদা রাখুন এবং নিজে পরিষ্কার করুন।
৭. নিজের একান্ত ব্যবহারের জিনিস যেমন, মোবাইল সেট, ল্যাপটপ, ঘড়ি, চশমা ইত্যাদি অন্যকে ব্যবহার করতে দিবেন না।
৮. সর্বোপরি কোন কিছু স্পর্শ করার পর এবং বাইরে আসলে অবশ্যই হাত সাবান দিয়ে ভালো মতো ধুয়ে ফেলুন বা স্যানিটাইজ করুন।
৯. করোনাভাইরাস থেকে বাঁচতে এপর্যন্ত যতধরণের সতর্কতা পালনমূলক নির্দেশনা দেওয়া হয়েছে সেগুলো পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত মেনে চলতে হবে।
১০. প্রশিক্ষণ করাতে গিয়ে নিরাপদ দূরত্ব বজায় রাখতে জায়গার সংকুলান না হয় তাহলে সর্বনিম্ন ১০ জন নিয়েও প্রশিক্ষণ করানো যাবে। নিরাপদ দূরত্ব বজায় রাখতে ১০ জনের কম জায়গাবিশিষ্ট কোন ভেনু নির্বাচন করা যাবে না।
১১. উপরোক্ত বিষয়গুলো কেউ পালন না করলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. এই সার্কুলারটি আপনি আপনার এলাকায়, শাখায়, প্রকল্প অফিসে ও সেন্টারে আগামী দুটি সপ্তাহে আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নেবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে আগামী দুই মাস বুলিয়ে রাখবেন।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কর্তৃপক্ষ